

প্রেস বিজ্ঞপ্তি  
২৮ সেপ্টেম্বর ২০২৫

ঠাকুরগাঁও পীরগঞ্জ ডিএন ডিগ্রি কলেজে নকলের অভিযোগে পরীক্ষা কেন্দ্র বাতিল :  
বাউবি কর্তৃপক্ষের কঠোর পদক্ষেপ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ২০২৪ সালের বিএ ও বিএসএস পরীক্ষার ইংরেজি বিষয়ের পরীক্ষা চলাকালীন ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ ডিএন ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্রে প্রকাশ্যে নকলের অভিযোগ ওঠে। এ সংক্রান্ত সংবাদ ২৬ ও ২৭ সেপ্টেম্বর কয়েকটি গণমাধ্যমে প্রকাশিত হলে বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি গোচর হয়।

বাউবি সর্বদা নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণে অঙ্গীকারবদ্ধ। তবে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কক্ষ পরিদর্শকদের দায়িত্ব পালনে অবহেলার কারণে এ কেন্দ্রে অনভিপ্রেত পরিস্থিতি সৃষ্টি হয়েছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে কয়েকটি কঠোর সিদ্ধান্ত গ্রহণ করেছে। সিদ্ধান্তগুলো হলো-

- \* পীরগঞ্জ ডিএন ডিগ্রি কলেজের পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে।
- \* বাতিলকৃত কেন্দ্রের পরিবর্তে পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও-কে নতুন কেন্দ্র হিসেবে নির্ধারণ করা হয়েছে।
- \* বাউবির ঠাকুরগাঁও উপ-আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম-পরিচালক ড. মোঃ আসাদুল ইসলামকে দায়িত্বে অবহেলা ও নকল প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।
- \* ঘটনাটি তদন্তের জন্য স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ড. আব্দুল মজিদ মন্ডলকে প্রধান করে ০৩ সদস্য বিশিষ্ট একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে দ্রুত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।
- \* তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন পাওয়ার পর ডিএন ডিগ্রি কলেজ কেন্দ্রের সমন্বয়কারীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ. বি. এম. ওবায়দুল ইসলাম এ প্রসঙ্গে বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কখনোই পরীক্ষায় অসদুপায়কে প্রশ্রয় দেয় না। নকল প্রবণতা কোনোভাবেই সমর্থনযোগ্য নয়, বরং এটি শাস্তিযোগ্য অপরাধ। অভিযুক্তদের বিরুদ্ধে তদন্তসাপেক্ষে যথাযথ আইনি ব্যবস্থা নেওয়া হবে।”

তিনি পরীক্ষার সঙ্গে সম্পৃক্ত সকলকে সততা, আন্তরিকতা ও সর্বোচ্চ সতর্কতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮